

15th
AGM

# ANNUAL REPORT

# 2023-2024

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড

**SUNDARBAN GAS COMPANY LIMITED**

(A Company of Petrobangla)





**SUNDARBAN GAS COMPANY LIMITED**

(A Company of Petrobangla)

*সম্প্রতি বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন এবং পরবর্তী পর্যায়ে এতে সর্বস্তরের জনতার সমর্থন ও অংশগ্রহণে ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে অসংখ্য ছাত্র ও জনতা শহীদ হয়েছেন। বাংলাদেশের ইতিহাসে অভূতপূর্ব এ ঘটনায় ছাত্র-জনতার অবদান ও আত্মত্যাগের বীরগাঁথা বাংলাদেশের ইতিহাসে স্বর্ণাক্ষরে লেখা থাকবে। ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে হতাহতের ঘটনায় দেশবাসীর সঙ্গে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এর শেয়ারহোল্ডারবৃন্দ, পরিচালনা-পর্ষদ ও সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীগণ গভীরভাবে শোকাহত। এ ঘটনায় আমরা গভীর শোক প্রকাশ করে পরম করুণাময় সৃষ্টিকর্তার নিকট আহত ব্যক্তিগণের দ্রুত আরোগ্য এবং সকল শহীদের আত্মার মাগফিরাত প্রার্থনা করছি।*

# With the Compliments of the Board of Directors Sundarban Gas Company Limited




সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড

**SUNDARBAN GAS COMPANY LIMITED**

(A Company of Petrobangla)

# Company Profile

| | | |
|---|---|---|
| Name of The Company | : | Sundarban Gas Company Limited |
| Date of Registration | : | 23 November 2009 |
| Company's Status | : | Public Limited Company |
| Registered Office | : | Khulna |
| Head Office | : | Abir Tower, 218, M. A. Bari Sarak, Sonadanga, Khulna |
| Dhaka Liaison Office | : | Petrocenter (13th Floor), 3, Kawranbazar C/A, Dhaka-1215 |
| Supervisory Organization | : | Bangladesh Oil, Gas & Mineral Corporation (Petrobangla) |
| Administrative Ministry | : | Ministry of Power, Energy and Mineral Resources |
| Authorized Capital | : | Tk. 300.00 Crore |
| Paid up Capital | : | Tk. 100.00 Crore |
| Total Number of Shares Issued | : | 1.00 Crore |
| Franchise Area | : | Khulna & Barishal Divisions and Part of Dhaka Division (Faridpur, Gopalganj, Madaripur, Shariatpur, Rajbari District) |
| First Annual General Meeting | : | 20 May' 2011 |
| Total Manpower | : | Approved: 522 (Officer: 217, Staff: 305)<br>Present Manpower: 98 (Officer: 80, Regular Staff: 18<br>Outsourcing Staff: 148, Temporary Staff: 08) |
| Company's Website Address | : | www.sgcl.org.bd |
| Company's E-mail Address | : | sundarbangas@gmail.com |
| Daily Gas Sales (Average) | : | 87.1704 MMCFD |
| Total Number of Customer Connection | : | 2,395 |
| Total Volume of Gas Consumed During This Year | : | 900.962 MMSCM |
| Gas Pipeline Network | : | a. Transmission Pipe Line : 33.842 Km<br>b. Feeder Main & Service (Distribution) Line: 110.401 Km |

# Contents


| | |
|---|---|
| Messages | 05-10 |
| Shareholders | 11 |
| Board of Directors | 12-13 |
| Notice of 15th Annual General Meeting | 14 |
| Report of the Board of Directors | |
| Bangla | 15-31 |
| English | 32-48 |
| Auditor's Report | 49-51 |
| Statement of Financial Position | 52 |
| Statement of Profit or Loss and Other Comprehensive Income | 53 |
| Statement of Changes in Equity | 54 |
| Statement of Cash Flows | 55 |
| Notes to the Financial Statments | 56-83 |
| Transaction with related Parties | 84 |
| Schedule of Property, plant and equipments | 85 |
| Budget Variance | 86-87 |
| Key Performance Indicator (KPI) | 88 |
| Graphs | 89-93 |
| Pictorial View | 94-96 |




**মুহাম্মদ ফাওজুল কবির খান**
**মাননীয় উপদেষ্টা**
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার


# বাণী

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর ১৫তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে কোম্পানির ২০২৩-২০২৪ অর্থবছরের সার্বিক কর্মকান্ড ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনার ওপর বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত। এ উদ্যোগের সাথে সংশ্লিষ্ট সকলের প্রতি রইল শুভেচ্ছা ও অভিনন্দন।

দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে বিভিন্ন শ্রেণির গ্রাহককে গ্যাস সরবরাহের উদ্দেশ্যে ২৩ নভেম্বর, ২০০৯ সালে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর অগ্রযাত্রা সূচিত হয়। বর্তমানে এ কোম্পানি ভোলা ও কুষ্টিয়া জেলায় বিভিন্ন শ্রেণির গ্রাহককে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ ও তদসংশ্লিষ্ট সেবা প্রদান করছে। সরবরাহকৃত গ্যাসের ৯৫% বিদ্যুৎ উৎপাদনে ব্যবহৃত হচ্ছে যা জাতীয় গ্রীডে যুক্ত হচ্ছে। দেশের জ্বালানি চাহিদা মেটাতে এসজিসিএল নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

বর্তমানে মোট জ্বালানি চাহিদার সিংহভাগ দেশীয় সম্পদ প্রাকৃতিক গ্যাস থেকে পূরণ হয়। শিল্পায়নে সাশ্রয়ী জ্বালানি হিসেবে এই প্রাকৃতিক গ্যাসের ব্যবহার ক্রমশঃ বাড়ছে। সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল) কুষ্টিয়া জেলায় ডিআরএস ও পাইপ লাইন নির্মাণ করে কুষ্টিয়া বিসিক শিল্প এলাকায় গ্যাস সরবরাহ করছে। এছাড়া, তিতাস গ্যাসের আওতাধীন শিল্প ও ক্যাপটিভ বিদ্যুৎ (ভোলার নন-পাইপ গ্যাস) শ্রেণিতে গ্যাস সরবরাহের জন্য এসজিসিএল ও ইন্ট্রাকো এর মধ্যে সম্পাদিত চুক্তি অনুযায়ী গত ২১ অক্টোবর ২০২৪ তারিখে ইন্ট্রাকোকে আনুষ্ঠানিকভাবে গ্যাস সংযোগ প্রদান করা হয়েছে। চুক্তি অনুযায়ী প্রথম পর্যায়ে দৈনিক ৫ মিলিয়ন ঘনফুট হারে গ্যাস সরবরাহ সম্ভব হবে এবং পরবর্তীতে এর পরিমাণ আরো বৃদ্ধি পাবে। ভোলা বিসিকের অভ্যন্তরে বিদ্যমান শিল্প প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহের নিমিত্ত ইতোমধ্যে গ্যাস বিতরণ নেটওয়ার্ক নির্মাণপূর্বক গত ০৯ অক্টোবর ২০২৪ তারিখে গ্যাস কমিশনিং সম্পন্ন করে গ্যাস সরবরাহের জন্য নেটওয়ার্ক প্রস্তুত রাখা হয়েছে। খুলনা বিসিক শিল্পনগরী এর অভ্যন্তরে গ্রাহক শিল্প প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহের লক্ষ্যে গ্যাস বিতরণ অবকাঠামো নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে।

ভোলায় প্রাপ্ত গ্যাসের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা সম্ভব হলে এ কোম্পানির কার্যক্রম আরো গতিশীল এবং বেগবান হবে। আমি আশা করি এসজিসিএল-এর আওতাধীন রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল, বিসিক ও অন্যান্য পরিকল্পিত শিল্প এলাকায় ক্রমান্বয়ে গ্যাস পাইপলাইন নেটওয়ার্ক নির্মাণের মাধ্যমে গ্যাস সরবরাহ নিশ্চিত করে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে এসজিসিএল গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

আমি সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর ১৫তম বার্ষিক সাধারণ সভার সাফল্য কামনা করছি।

**(মুহাম্মদ ফাওজুল কবির খান)**

**মোহাম্মদ সাইফুল ইসলাম**
**সচিব**
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



# বাণী

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর ১৫তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগকে আমি স্বাগত জানাই। প্রতিবেদনে কোম্পানির অপারেশনাল, উন্নয়নমূলক ও আর্থিক কার্যাবলি এবং ভবিষ্যৎ কর্ম পরিকল্পনা সম্পর্কে সামগ্রিক ধারণা পাওয়া যাবে।

উন্নত সমৃদ্ধ বাংলাদেশ গঠনের প্রয়াসে নতুন নতুন শিল্প কারখানা স্থাপন ও জীবনযাত্রার মানোন্নয়নে জ্বালানি নিরাপত্তার নিশ্চয়তা বিধান সর্বাগ্রে জরুরি। প্রাথমিক জ্বালানি হিসেবে দেশীয় খনিজ সম্পদ প্রাকৃতিক গ্যাস এ ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ২১টি জেলায় বিভিন্ন শ্রেণির গ্রাহককে গ্যাস সরবরাহের লক্ষ্যে এ কোম্পানির অগ্রযাত্রা শুরু হয়। এ কোম্পানি বর্তমানে ভোলা ও কুষ্টিয়ায় বিদ্যুৎ, শিল্প, ক্যাপটিভ পাওয়ার, বাণিজ্যিক ও গৃহস্থালি খাতে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ এবং তদসংশ্লিষ্ট প্রয়োজনীয় সেবা প্রদান করছে। এছাড়া, ভোলা জেলায় বিদ্যমান বিসিক শিল্পনগরীতে গ্যাস সরবরাহের লক্ষ্যে গ্যাস বিতরণ নেটওয়ার্ক নির্মাণ কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল)-এর অর্থায়নে রূপসা ৮০০ মে.ও. কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের জন্য এনডব্লিউপিজিসিএল এবং এসজিসিএল-এর মধ্যে স্বাক্ষরিত Gas Supply Agreement (GSA) অনুযায়ী উক্ত বিদ্যুৎ কেন্দ্রে আরএমএস কমিশনিং কাজ শুরু হয়েছে। এছাড়া, খুলনা বিসিক শিল্পনগরীতে গ্যাস সরবরাহের লক্ষ্যে গ্যাস বিতরণ অবকাঠামো নির্মাণের কার্যক্রম চলছে। আমি আশা করি দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে গ্যাস পাইপলাইন নেটওয়ার্ক নির্মাণের মাধ্যমে ভোলায় প্রাপ্ত গ্যাসের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে দেশের জ্বালানি ঘাটতি নিরসনে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড অগ্রণী ভূমিকা পালন করতে সক্ষম হবে।

বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে ইতিবাচক ভূমিকা রাখায় আমি এসজিসিএল কোম্পানির সকল স্তরের কর্মকর্তা, কর্মচারী ও নিয়োজিত অন্যান্য জনবলের প্রতি ধন্যবাদ জানাচ্ছি এবং সর্বাঙ্গীণ মঙ্গল কামনা করছি।

**(মোহাম্মদ সাইফুল ইসলাম)**



**মোঃ আমিন উল আহসান**
**চেয়ারম্যান**
পরিচালনা পর্ষদ, এসজিসিএল
ও
চেয়ারম্যান (সচিব)
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

# বাণী

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর ১৫তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে কোম্পানির ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন উপস্থাপন করতে পেরে আমি আনন্দিত। আমার বিশ্বাস বার্ষিক প্রতিবেদনে সন্নিবেশিত তথ্যে কোম্পানির সার্বিক কার্যক্রম সম্পর্কে সুস্পষ্ট ধারণা পাওয়া যাবে।

দেশের অর্থনৈতিক কার্যক্রম গতিশীল রাখার স্বার্থে চাহিদা অনুযায়ী প্রাথমিক জ্বালানি সরবরাহ করা একান্ত অপরিহার্য। দেশের গ্যাসক্ষেত্রসমূহে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে নতুন নতুন গ্যাসক্ষেত্র অনুসন্ধান, বিদ্যমান গ্যাসক্ষেত্রের উন্নয়ন ও ওয়ার্কওভার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। গ্যাসের চাহিদা ও সরবরাহের মধ্যে ভারসাম্য রক্ষায় দেশীয় গ্যাস উৎপাদনের পাশাপাশি তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) আমদানি করা হচ্ছে। পাশাপাশি, জ্বালানি খাতকে শক্তিশালীকরণের লক্ষ্যে গ্যাস পাইপলাইন আধুনিকীকরণ, প্রি-পেইড মিটার স্থাপন, জ্বালানি ব্যবস্থাপনায় স্ক্যাডা সিস্টেমসহ বিভিন্ন আধুনিক কার্যক্রম প্রবর্তন করা হয়েছে।

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল) দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে গ্যাস সরবরাহের দায়িত্বে নিয়োজিত আছে। বর্তমানে এসজিসিএল ভোলা শহরে ০৩টি বিদ্যুৎ কেন্দ্র, ০২টি বাণিজ্যিক, ০৬টি শিল্প, ০২টি ক্যাপটিভ পাওয়ার এবং কুষ্টিয়া বিসিকে ০২টি শিল্প, ০১টি ক্যাপটিভ পাওয়ার ও ভেড়ামারায় ৪১০ মেঃওঃ সিসিপিপি (এনডব্লিউপিজিসিএল) বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহ এবং তদসংশ্লিষ্ট প্রয়োজনীয় সেবা প্রদান করছে। ভোলা বিসিক শিল্পনগরী এর অভ্যন্তরে গ্রাহক শিল্প প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহের লক্ষ্যে গ্যাস বিতরণ অবকাঠামো নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। ভোলা থেকে বরিশাল হয়ে সম্ভাব্যতা যাচাই সম্পন্ন হয়েছে। বরিশাল থেকে খুলনা পর্যন্ত পাইপলাইন স্থাপনের সম্ভাব্যতা যাচাই চলছে। আশা করা যায় অবিলম্বে ভোলা থেকে বরিশাল হয়ে খুলনা পর্যন্ত পাইপলাইন নির্মাণ কাজ শুরু হবে। ইতোমধ্যে খুলনা বিসিক শিল্পনগরী'তে স্থাপিত শিল্প প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহকল্পে খুলনা জেলায় গ্যাস বিতরণ অবকাঠামো নির্মাণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। আশা করছি গ্যাস পাইপলাইন নেটওয়ার্ক নির্মাণ করে ভবিষ্যতে দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে শিল্পায়নের অবারিত দ্বার উন্মোচনে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল) গুরুত্বপূর্ণ অবদান রাখতে সক্ষম হবে।

এসজিসিএল এর কর্মকান্ড সুচারুভাবে পরিচালনায় সার্বিক সহযোগিতা প্রদান এবং কর্মপ্রচেষ্টা অব্যাহত রাখায় পরিচালনা পর্ষদসহ ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আমি আশা করি, কোম্পানির সাফল্যের অগ্রযাত্রা অব্যাহত রাখতে সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীগণ তাদের মেধা, দক্ষতা ও অভিজ্ঞতা দিয়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করবেন।

**(মোঃ আমিন উল আহসান)**

**জনেন্দ্র নাথ সরকার**
**চেয়ারম্যান**
বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন
(পেট্রোবাংলা)



# বাণী

বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর আওতাধীন সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর ১৫তম বার্ষিক সাধারণ সভার সাথে সংশ্লিষ্ট সকলের প্রতি রইল আমার শুভেচ্ছা ও অভিনন্দন। আমার বিশ্বাস এসজিসিএল-এর বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে প্রকাশিত বার্ষিক প্রতিবেদনে কোম্পানির সার্বিক চিত্র প্রতিফলিত হবে।

দেশের অর্থনৈতিক উন্নয়ন, শিল্পায়ন ও দারিদ্র্য বিমোচনে জ্বালানি খাতের ভূমিকা অপরিসীম। দেশের জনসাধারণের উন্নত জীবনমান নিশ্চিত করতে হলে নিরবচ্ছিন্ন জ্বালানির জোগান সর্বাগ্রে প্রয়োজন। দেশের আর্থ-সামাজিক উন্নয়ন ত্বরান্বিত করার উদ্দেশ্যে ২০০৯ সালে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর অগ্রযাত্রা সূচিত হয়। বর্তমানে এ কোম্পানির সরবরাহকৃত গ্যাসের সিংহভাগ বিদ্যুৎ উৎপাদনে ব্যবহৃত হচ্ছে যা জাতীয় গ্রীডে যুক্ত হয়ে জ্বালানি চাহিদা নিরসনে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।

প্রাথমিক জ্বালানি হিসেবে প্রাকৃতিক গ্যাসের চাহিদা প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। দেশীয় গ্যাসের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে স্থলভাগে জরিপ পরিচালনা, নতুন নতুন অনুসন্ধান ও উন্নয়ন কূপ খনন, বন্ধ কূপসমূহ ওয়ার্কওভার এবং কম্প্রেসর স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। অপরদিকে সমুদ্র এলাকায় আন্তর্জাতিক গ্যাস ও তেল কোম্পানিসমূহকে বিনিয়োগে আকৃষ্ট করার লক্ষ্যে বিদ্যমান উৎপাদন ও বন্টন চুক্তি (পিএসসি) হালনাগাদ করে অফসোর মডেল পিএসসি-২০২৩ প্রণয়ন করে আন্তর্জাতিক দরপত্র আহ্বান করা হয়েছে। এছাড়া জ্বালানির ক্রমবর্ধমান চাহিদা পূরণে দীর্ঘমেয়াদি চুক্তির মাধ্যমেও স্পট মার্কেট হতে এলএনজি আমদানির কার্যক্রম বেগবান করা হয়েছে। দেশের দক্ষিণাঞ্চলে গ্যাস সরবরাহের লক্ষ্যে ভোলা-বরিশাল-খুলনা পাইপলাইন নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। আমি আশা করি এ কোম্পানির কর্মকর্তা-কর্মচারীগণ তাদের মেধা, দক্ষতা ও নিরলস প্রচেষ্টার মাধ্যমে ভোলায় প্রাপ্ত গ্যাসের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে বলিষ্ঠ ভূমিকা রাখতে সক্ষম হবেন।

আমি সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর ১৫তম বার্ষিক সাধারণ সভার সাফল্য কামনা করছি।

**(জনেন্দ্র নাথ সরকার)**




**উত্তম কুমার সরকার**
**ব্যবস্থাপনা পরিচালক**
সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড


# ব্যবস্থাপনা পরিচালক-এর বক্তব্য

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর ১৫তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষে ২০২৩-২০২৪ অর্থবছরে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে পেরে আমি আনন্দিত। আমার বিশ্বাস বার্ষিক প্রতিবেদনে সন্নিবেশিত তথ্যে কোম্পানির সার্বিক কার্যক্রম সম্পর্কে সুস্পষ্ট ধারণা পাওয়া যাবে।

দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে শিল্পায়নের অবারিত দ্বার উন্মোচনের লক্ষ্যে বিভিন্ন শ্রেণির গ্রাহককে গ্যাস সরবরাহের উদ্দেশ্যে পেট্রোবাংলার অধীন একটি সরকারি মালিকানাধীন স্বতন্ত্র কোম্পানি হিসেবে ২০০৯ সালে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল) আত্মপ্রকাশ করে। খুলনা বিভাগ, বরিশাল বিভাগ এবং ঢাকা বিভাগের ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর ও রাজবাড়ী জেলাসমূহ এ কোম্পানির অধিভুক্ত এলাকা। অধিভুক্ত এলাকায় গ্যাস বিতরণ পাইপলাইন নির্মাণ, গ্রাহকদের গ্যাস সংযোগ প্রদান এবং সংযোগ পরবর্তী সেবা প্রদানের দায়িত্ব এ কোম্পানির উপর ন্যস্ত।

বর্তমানে কুষ্টিয়া জেলায় ০১টি বিদ্যুৎ কেন্দ্র, ০২টি শিল্প, ০১টি ক্যাপটিভ পাওয়ার এবং ভোলা জেলায় ০৩টি বিদ্যুৎ কেন্দ্র, ০৬টি শিল্প, ০২টি বাণিজ্যিক, ০২টি ক্যাপটিভ পাওয়ার, ০১টি শিল্প (ভোলার নন-পাইপ গ্যাস), ০১টি ক্যাপটিভ পাওয়ার (ভোলার নন-পাইপ গ্যাস) এবং ২৩৭৬টি আবাসিক গ্রাহকসহ মোট ২৩৯৫টি গ্রাহককে দৈনিক গড়ে ১১০-১১৫ মিলিয়ন ঘনফুট গ্যাস সরবরাহ করা হচ্ছে। ২০২৩-২০২৪ অর্থবছরে বিদ্যুৎ খাতে ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র, ভোলা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র, ভোলা ২২০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র ও ভোলা ৩৪.৫ মেঃওঃ রেন্টাল বিদ্যুৎ কেন্দ্রে সর্বমোট ৮৫০.১৯৮ মিলিয়ন ঘনমিটার গ্যাস সরবরাহ করা হয়েছে, যা দেশের আর্থ-সামাজিক উন্নয়নে এক অগ্রণী ভূমিকা পালন করছে।

২০২৩-২০২৪ অর্থবছরে কোম্পানি গ্যাস বিক্রয় বাবদ ১৩৭৮৮৮.৪৪৮ লক্ষ টাকা এবং অন্যান্য অপারেশনাল আয় খাতে ১০৬৮৭.৭৬৮ লক্ষ টাকাসহ সর্বমোট ১৪৮,৫৭৬.২১ লক্ষ টাকা রাজস্ব আয় করেছে। বিগত অর্থবছরে এ আয়ের পরিমাণ ছিল ৯০৬০৫.৯২ লক্ষ টাকা। ২০২৩-২০২৪ অর্থবছরে ক্রয়কৃত গ্যাসের মূল্য ১২৬৪১৭.৫৭ লক্ষ টাকা এবং বিতরণ ব্যয় ২৯৩০.০৭ লক্ষ টাকাসহ মোট রাজস্ব ব্যয় ১২৯৩৪৭.৬৪ লক্ষ টাকা। অন্যান্য নন অপারেটিং আয়, ব্যাংক মুনাফা খাতে আয়, ঋণের সুদ খাতে ব্যয়, শ্রমিক অংশীদারিত্ব তহবিল খাতে প্রভিশন ইত্যাদি বিবেচনায় ২০২৩-২০২৪ অর্থবছরে করপূর্ব ও কর পরবর্তী নীট মুনাফার পরিমাণ যথাক্রমে ১১৪৩৮.৩৬ লক্ষ ও ৮৫৮০.১০ লক্ষ টাকা। বিগত অর্থবছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ৯৫৬৩.৮৯ লক্ষ ও ৬৯৩৪.০৬ লক্ষ টাকা। আলোচ্য অর্থবছরে কোম্পানির মোট রাজস্ব আয় ৬৩.৯৮% বৃদ্ধি পেয়েছে, পরিচালন ব্যয়সহ মোট ব্যয় ৬৭.১০% বৃদ্ধি পাওয়ায় করপূর্ব ও কর পরবর্তী নীট মুনাফা বিগত অর্থবছরের তুলনায় যথাক্রমে ১৯.৬০% ও ২৩.৭৪% বৃদ্ধি পেয়েছে। ২০২৩-২০২৪ অর্থবছরে কোম্পানি লভ্যাংশ বাবদ ১২.৫০ কোটি টাকা, আয়কর বাবদ ২৮.৫৯ কোটি টাকা, সরবরাহকারীর বিল হতে কর্তনকৃত আয়কর বাবদ ৪৪.৪০ কোটি টাকা এবং ভ্যাট বাবদ ১.১৩ কোটি টাকাসহ সর্বমোট ৮৬.৬২ কোটি টাকা রাষ্ট্রীয় কোষাগারে জমা প্রদান করেছে।

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল) এর অধিকারভুক্ত কুষ্টিয়া জেলায় ডিআরএস ও পাইপ লাইন নির্মাণ কাজ সম্পন্ন করে কুষ্টিয়া বিসিক শিল্প এলাকায় গ্যাস সরবরাহ করা হচ্ছে। এছাড়া, তিতাস গ্যাসের আওতাধীন শিল্প ও ক্যাপটিভ বিদ্যুৎ (ভোলার নন-পাইপ গ্যাস) শ্রেণীতে গ্যাস সরবরাহের জন্য এসজিসিএল ও ইন্ট্রাকো এর মধ্যে সম্পাদিত চুক্তি অনুযায়ী গ্রাহক কর্তৃক প্রয়োজনীয় সকল কার্যক্রম সম্পন্ন করায় গত ২১/১০/২০২৪ তারিখে ইন্ট্রাকোকে আনুষ্ঠানিকভাবে গ্যাস সংযোগ প্রদান করা হয়। সম্পাদিত চুক্তি অনুযায়ী প্রথম পর্যায়ে দৈনিক ৫ মিলিয়ন ঘনফুট হারে গ্যাস সরবরাহ সম্ভব হবে এবং পরবর্তীতে এর পরিমাণ আরও বৃদ্ধি পাবে।


এসজিসিএল এর অধিকারভুক্ত ভোলা এলাকায় নূতন বিদ্যুৎ (বাংলাদেশ) লিমিটেড (এনবিবিএল) এর অর্থায়নে এবং এসজিসিএল এর কারিগরি সহায়তা ও তত্ত্বাবধানে ইতোমধ্যে পাইপলাইন নির্মাণ ও কমিশনিং এবং আরএমএস নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। নভেম্বর'২০২৪ মাসের শেষ সপ্তাহে আরএমএস কমিশনিং এর প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। বর্তমানে অস্থায়ী আরএমএস এবং পাইপলাইন এর মাধ্যমে উক্ত বিদ্যুৎ কেন্দ্রের চাহিদা অনুযায়ী প্রতিদিন গড়ে ৩৫ এমএমএসসিএফডি হারে গ্যাস সরবরাহ করা হচ্ছে।

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) এর অর্থায়নে এবং এসজিসিএল-এর কারিগরী সহযোগীতায় রূপসা ৮০০ মে.ও. সিসিপিপি-এর পাইপলাইন ও আরএমএস নির্মাণ কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। বর্তমানে আরএমএস এর Commissioning কাজ চলমান রয়েছে। এসজিসিএল এর কারিগরি সহায়তা ও তত্ত্বাবধানে কন্ট্রোল বিল্ডিং এবং অন্যান্য পূর্ত অবকাঠামো নির্মাণ কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে।

এছাড়া, ভোলা বিসিকের অভ্যন্তরে বিদ্যমান ও প্রস্তাবিত শিল্প প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহের নিমিত্ত ইতোমধ্যে গ্যাস বিতরণ নেটওয়ার্ক নির্মাণপূর্বক গত ০৯/১০/২০২৪ তারিখে গ্যাস কমিশনিং সম্পন্ন করে গ্যাস সরবরাহের জন্য নেটওয়ার্ক প্রস্তুত রাখা হয়েছে। খুলনা বিসিক শিল্পনগরী এর অভ্যন্তরে গ্রাহক শিল্প প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহের লক্ষ্যে গ্যাস বিতরণ অবকাঠামো নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে। আমি আশা করি রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল, বিসিক ও অন্যান্য পরিকল্পিত শিল্প এলাকায় ক্রমান্বয়ে গ্যাস পাইপ লাইন নেটওয়ার্ক নির্মাণের মাধ্যমে গ্যাস সরবরাহ নিশ্চিত করে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

এসজিসিএল-এর অধিভুক্ত ভোলা ও কুষ্টিয়া এলাকায় প্রতিটি গ্রাহক আঙিনা পরিদর্শন করে ভোলা ও কুষ্টিয়া এলাকাকে অবৈধ গ্রাহক নেই মর্মে নিশ্চিত করা হয়েছে। পেট্রোবাংলা ও এসজিসিএল-এর মধ্যে ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির "গ্যাস বিতরণ পাইপলাইনের লিকেজ শনাক্ত ও মেরামতকরণ" শীর্ষক কার্যক্রমের নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে বার্ষিক অর্জন ১০৮.৫৭%। এছাড়া, বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লেখিত কৌশলগত ও আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ যথা- গ্যাস বিক্রয়, নতুন গ্যাস সংযোগ/পুনঃসংযোগ, বকেয়া পাওনা আদায়, ডিআরএস/টিবিএস/ আরএমএস/ সিএমএস/ভাল্ব স্টেশন রক্ষণাবেক্ষণ, খেলাপী ও অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করা, গ্যাস বিতরণ পাইপলাইনের লিকেজ শনাক্ত ও মেরামতকরণ, মানবসম্পদ উন্নয়ন, অভ্যন্তরীণ শিখন সেশন পরিচালনা, শূন্য পদ থাকা সাপেক্ষে প্যানেল হতে কর্মকর্তা/কর্মচারী নিয়োগ, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার), অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা, তথ্য অধিকার কর্মপরিকল্পনা ইত্যাদি কার্যক্রমের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রার ১০০% অর্জিত হয়েছে।

কোম্পানির এ অগ্রযাত্রায় সার্বিক সহযোগিতা, পরামর্শ ও দিকনির্দেশনার জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, দাতা সংস্থা, উন্নয়ন সহযোগী অন্যান্য প্রতিষ্ঠান, পেট্রোবাংলা এবং এসজিসিএল পরিচালনা পর্ষদসহ সংশ্লিষ্ট সকলের কাছে কৃতজ্ঞতা প্রকাশ করছি এবং কোম্পানির অব্যাহত সাফল্যের মূল চালিকাশক্তি হিসেবে অবদান রাখায় সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।



**(উত্তম কুমার সরকার)**

# SHAREHOLDERS



**Zanendra Nath Sarker**
Chairman
Petrobangla



**Md. Altaf Hossain**
Joint Secretary
&
Director (Admin), Petrobangla



**A K M Mizanur Rahman**
Joint Secretary
&
Director (Finance), Petrobangla



**Engr. Md. Kamruzzaman Khan**
Director (Operation & Mines)
Petrobangla



**Md. Abdul Mannan Patwary**
Director (Planning)
Petrobangla



**Ruchira Islam**
Secretary
Petrobangla

# The Board of Directors



## MD. AMIN UL AHSAN

Chairman, SGCL Board
&
Chairman (Secretary), Bangladesh Petroleum Corporation



## MST. MOURSHEDA FERDOUS

Director, SGCL Board
&
Joint Secretary (Development-3), Energy &
Mineral Resources Division



## MD. ABDUL MANNAN PATWARY

Director, SGCL Board &
Director (Planning)
Petrobangla



## MD. OLIUR RAHMAN

Director, SGCL Board
&
Deputy Secretary (Admin-5), Energy &
Mineral Resources Division

# The Board of Directors



## ASMA ARA BEGUM

Director, SGCL Board
&
Deputy Secretary (Planning-4), Energy &
Mineral Resources Division



## KHADIZA TAHERA BOBY

Director, SGCL Board &
Deputy Secretary (Budget)
Energy and Mineral Resources Division
Government of Bangladesh



## S M JAKARIA

Director, SGCL Board &
Deputy Secretary (Planning-1)
Energy and Mineral Resources Division
Government of Bangladesh



## UTTAM KUMAR SARKAR

Director, SGCL Board & Managing Director

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড
Sundarban Gas Company Limited
(A Company of Petrobangla)

সূত্র নং-২৮.২১.০০০০.১১০.০৬.০১৪.১৪/এজিএম-১৫/৬২৬

তারিখ: ১০/১১/২০২৪ খ্রি.

## বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এর ১৫তম বার্ষিক সাধারণ সভা আগামী ০২ ডিসেম্বর '২০২৪ (১৭ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ), রোজ সোমবার, সন্ধ্যা ৬:৩০ ঘটিকায় পেট্রোবাংলার বোর্ড রুম, পেট্রোবাংলা, পেট্রোসেন্টার ভবন (৪র্থ তলা), ৩, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫ এ অনুষ্ঠিত হবে:

**আলোচ্যসূচি: এসজিসিএল-এর ১৫তম বার্ষিক সাধারণ সভা'২০২৪**

১। কোম্পানির ১৪তম বার্ষিক সাধারণ সভার অনুমোদিত কার্যবিবরণী নিশ্চিতকরণ;
২। কোম্পানির ১৪তম বার্ষিক সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন প্রতিবেদন পর্যালোচনা;
৩। ২০২৩-২০২৪ অর্থবছরের পরিচালকমন্ডলীর প্রতিবেদন বিবেচনা ও অনুমোদন;
৪। ২০২৩-২০২৪ অর্থবছরের কোম্পানির নিরীক্ষিত হিসাব, স্থিতিপত্র এবং নিরীক্ষকের প্রতিবেদন বিবেচনা ও অনুমোদন;
৫। ২০২৩-২০২৪ অর্থবছরের নগদ লভ্যাংশ ঘোষণা;
৬। ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য কোম্পানির বহিঃনিরীক্ষক নিয়োগ এবং পারিশ্রমিক নির্ধারণ;
৭। কোম্পানি আইনের ৯১(১)(খ) ধারা এবং কোম্পানির আর্টিকেলস অব এসোসিয়েশন এর ১০৭ বিধি অনুযায়ী পরিচালনা পর্ষদের পরিচালক পদে নিয়োগ নিয়মিতকরণ;
৮। কোম্পানি আইনের ৯১(২) ধারা এবং কোম্পানির আর্টিকেলস অব এসোসিয়েশন এর ১১২ ও ১১৫ বিধি অনুযায়ী এসজিসিএল পরিচালনা পর্ষদের এক-তৃতীয়াংশ পরিচালকের অবসর গ্রহণ এবং তদস্থলে পরিচালক নিয়োগ;
৯। বিবিধ: চেয়ারম্যান মহোদয়ের অনুমতিক্রমে সাধারণ সভায় আইনগতভাবে আলোচনাযোগ্য অন্যান্য বিষয়াদি (যদি থাকে)।

**সভার কার্যপত্র যথাশীঘ্র প্রেরণ করা হবে।**

এসজিসিএল এর সম্মানিত শেয়ারহোল্ডার ও পর্ষদ পরিচালকবৃন্দকে উক্ত সভায় অংশগ্রহণের জন্য বিনীত অনুরোধ করা যাচ্ছে।
সম্মানিত কোন শেয়ারহোল্ডার ব্যক্তিগতভাবে সভায় উপস্থিত হতে অপারগ হলে প্রক্সি (Proxy) ফর্ম জমাদানের মাধ্যমে তাঁর পক্ষ থেকে সভায় উপস্থিত হওয়ার জন্য প্রতিনিধি নিয়োগ করতে পারবেন। প্রক্সি ফর্ম এতদসঙ্গে সংযুক্ত করা হল।

সংযুক্তি: প্রক্সি-ফর্ম।

পরিচালকমন্ডলীর আদেশক্রমে

**(মোঃ জিল্লুর রহমান)**
কোম্পানি সচিব

**বিতরণ:**
**শেয়ারহোল্ডারবৃন্দ**
১। জনাব জনেন্দ্র নাথ সরকার, চেয়ারম্যান, পেট্রোবাংলা, ৩, কাওরান বাজার বা/এ, ঢাকা।
২। জনাব মোঃ আলতাফ হোসেন, পরিচালক (প্রশাসন), পেট্রোবাংলা, ৩, কাওরান বাজার বা/এ, ঢাকা।
৩। জনাব এ কে এম মিজানুর রহমান, পরিচালক (অর্থ), পেট্রোবাংলা, ৩, কাওরান বাজার বা/এ, ঢাকা।
৪। জনাব মোঃ আব্দুল মান্নান পাটওয়ারী, পরিচালক (পরিকল্পনা), পেট্রোবাংলা, ৩, কাওরান বাজার বা/এ, ঢাকা।
৫। প্রকৌ. মোঃ কামরুজ্জামান খান, পরিচালক (অপারেশন এন্ড মাইনস), পেট্রোবাংলা, ৩, কাওরান বাজার বা/এ, ঢাকা।
৬। জনাব রুচিরা ইসলাম, সচিব, পেট্রোবাংলা, ৩, কাওরান বাজার বা/এ, ঢাকা।

**পরিচালকবৃন্দ**
১। জনাব মোঃ আমিন উল আহসান, চেয়ারম্যান (সচিব), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।
২। মোছাঃ মোর্শেদা ফেরদৌস, যুগ্মসচিব (উন্নয়ন-৩), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
৩। জনাব মোঃ আব্দুল মান্নান পাটওয়ারী, পরিচালক (পরিকল্পনা), পেট্রোবাংলা, ৩, কাওরান বাজার বা/এ, ঢাকা।
৪। জনাব মোঃ অলিউর রহমান, উপসচিব (প্রশাসন-৩ অধিশাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
৫। জনাব আছমা আরা বেগম, উপসচিব (পরিকল্পনা-৪ শাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
৬। বেগম খাদিজা তাহেরা ববি, উপসচিব (বাজেট অধিশাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
৭। জনাব এস এম জাকারিয়া, উপসচিব (পরিকল্পনা-১ শাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
৮। জনাব উত্তম কুমার সরকার, ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), এসজিসিএল।

**অনুলিপি:**
১। চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
২। কে. এম. হাসান এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস, হোমটাউন এপার্টমেন্টস (৮ম ও ৯ম ফ্লোর), ৮৭, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০।
৩। সহকারী নিবন্ধক, যৌথ মূলধন কোম্পানি ও ফার্মসমূহের খুলনা বিভাগীয় কার্যালয়, ট্রিবিউন টাওয়ার, ২/বি, কে.ডি.এ. অ্যাভিনিউ, খুলনা।
৪। অফিস কপি।

# পরিচালকমন্ডলীর প্রতিবেদন

বিসমিল্লাহির রাহমানির রাহিম
সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,
আসসালামু আলাইকুম,

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর ১৫তম বার্ষিক সাধারণ সভায় ২০২৩-২০২৪ অর্থবছরে কোম্পানির সার্বিক কার্যক্রমের উপর পরিচালকমন্ডলীর প্রতিবেদন পেশ করার প্রারম্ভে আমি এসজিসিএল-এর পরিচালনা পর্ষদের পক্ষ হতে সকলকে স্বাগত জানাচ্ছি।

## সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

দেশের অর্থনৈতিক উন্নয়ন, শিল্পায়ন ও দারিদ্র্য বিমোচনে জ্বালানি খাতের ভূমিকা অপরিসীম। দেশের জনসাধারণের উন্নত জীবনমান নিশ্চিত করতে হলে নিরবচ্ছিন্ন জ্বালানির জোগান সর্বাগ্রে প্রয়োজন। দেশের প্রধান খনিজ সম্পদ প্রাকৃতিক গ্যাস দ্বারা বর্তমান জ্বালানি চাহিদার সিংহভাগ মেটানো হয়। দেশের আর্থ-সামাজিক উন্নয়ন ত্বরান্বিত করার উদ্দেশ্যে ২৩ নভেম্বর, ২০০৯ তারিখে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর অগ্রযাত্রা সূচিত হয়। খুলনা বিভাগ, বরিশাল বিভাগ এবং ঢাকা বিভাগের ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর ও রাজবাড়ী জেলাসহ মোট ২১টি জেলা এ কোম্পানির অধিভুক্ত এলাকা। অধিভুক্ত এলাকায় গ্যাস বিতরণ পাইপলাইন নির্মাণ, গ্রাহকদের গ্যাস সংযোগ প্রদান এবং সংযোগ পরবর্তী সেবা প্রদানের দায়িত্ব এ কোম্পানির। কোম্পানির অনুমোদিত মূলধন ৩০০ (তিনশত) কোটি টাকা এবং পরিশোধিত মূলধন বর্তমানে ১০০ (একশত) কোটি টাকা। প্রতিটি শেয়ারের মূল্য ১০০ (একশত) টাকা হিসেবে কোম্পানির বর্তমান শেয়ার সংখ্যা ১ (এক) কোটি। কোম্পানির Memorandum and Articles of Association-এ Subscriber হিসেবে পেট্রোবাংলার চেয়ারম্যান, পরিচালকগণ এবং সচিবের নামে মোট ৭ (সাত) টি শেয়ার এবং বাকি ৯৯,৯৯,৯৯৩ (নিরানব্বই লক্ষ নিরানব্বই হাজার নয়শত তিরানব্বই) টি শেয়ার পেট্রোবাংলার প্রতিনিধিত্বকারী চেয়ারম্যান-এর নামে বরাদ্দ রয়েছে।

আমি আনন্দের সাথে ঘোষণা করছি যে, ২০২৩-২০২৪ অর্থবছরে কোম্পানি কর্তৃক বিভিন্ন খাতে গ্যাস বিক্রয় এবং অন্যান্য অপারেশনাল আয়সহ মোট অর্জিত রেভিনিউর পরিমাণ ১৪৮৫.৭৬ কোটি টাকা এবং সর্বমোট ব্যয় হয় ১৩৭১.৩৮ কোটি টাকা। উক্ত অর্থবছরে কোম্পানি ১১৪.৩৮ কোটি টাকা করপূর্ব মুনাফা অর্জনে সক্ষম হয়েছে। অর্জিত মুনাফা হতে লভ্যাংশ বাবদ ১২.৫০ কোটি টাকা, আয়কর বাবদ ২৮.৫৯ কোটি টাকা, সরবরাহকারীর বিল হতে কর্তনকৃত আয়কর বাবদ ৪৪.৪০ কোটি টাকা এবং ভ্যাট বাবদ ১.১৩ কোটি টাকাসহ সর্বমোট ৮৬.৬২ কোটি টাকা রাষ্ট্রীয় কোষাগারে জমা প্রদান করা হয়েছে। কোম্পানি কর্তৃপক্ষের সুষ্ঠু ব্যবস্থাপনায় বিপণন ও রাজস্ব কার্যক্রম বৃদ্ধির পাশাপাশি সার্বিক বিষয়ে কাঙ্ক্ষিত সাফল্য অর্জন করে এ কোম্পানি দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ইতিবাচক ভূমিকা রাখছে এবং ভবিষ্যতেও এ সাফল্যের ধারা অব্যাহত থাকবে বলে আশা করা যায়।




এসজিসিএল-এর ১৪তম বার্ষিক সাধারণ সভা

## সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

আমি এখন ২০২৩-২০২৪ অর্থবছরে কোম্পানির বিপণন, আর্থিক ও অপারেশনাল কর্মকান্ডের উপর পরিচালকমন্ডলীর প্রতিবেদন আপনাদের অবগতির জন্য উপস্থাপন করছি।

## বিপণন কার্যক্রম

### গ্রাহক সংযোগ

সরকারের নির্দেশনার আলোকে ডিসেম্বর ২০১৫ থেকে আবাসিক শ্রেণিতে নতুন গ্যাস সংযোগ ও লোড বৃদ্ধি বন্ধ রয়েছে। ২০২৩-২০২৪ অর্থবছরে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ভোলা ও কুষ্টিয়া এলাকায় ০১ (এক)টি শিল্প, ০১ (এক)টি ক্যাপটিভ পাওয়ার ও ০২ (দুই)টি মিটারযুক্ত আবাসিক শ্রেণিতে গ্যাস সংযোগ প্রদান করা হয়েছে। বর্তমানে কোম্পানির আঞ্চলিক বিপণন কার্যালয়, ভোলা ও কুষ্টিয়ার আওতাধীন এলাকায় বিদ্যুৎ, শিল্প, ক্যাপটিভ পাওয়ার, বাণিজ্যিক ও গৃহস্থালি শ্রেণির মোট গ্রাহক সংখ্যা ২৩৯৫ টি।

### গ্যাস ক্রয়

কোম্পানি ২০২৩-২৪ অর্থবছরে ৮০২.০০ মিলিয়ন ঘনমিটার গ্যাস ক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ৮৮৯.০২ মিলিয়ন ঘনমিটার গ্যাস ক্রয় করেছে, যার মধ্যে ভোলায় অবস্থিত সরকারি মালিকানাধীন বাপেক্সের শাহবাজপুর গ্যাস ক্ষেত্র হতে ৭৩৩.১৭ মিলিয়ন ঘনমিটার এবং জাতীয় গ্যাস গ্রিড হতে ১৫৫.৮৫ মিলিয়ন ঘনমিটার গ্যাস গ্রহণ করা হয়েছে।

### গ্যাস বিক্রয়

### সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

এসজিসিএল কর্তৃক ২০২৩-২০২৪ অর্থবছরে ভোলাস্থ গ্যাস সঞ্চালন ও বিতরণ নেটওয়ার্কের মাধ্যমে বিদ্যুৎ, শিল্প, বাণিজ্যিক, আবাসিক, ক্যাপটিভ ও শিল্প (নন-পাইপ ভোলা) গ্রাহক এবং জাতীয় গ্রিড হতে আঞ্চলিক বিপণন কার্যালয়, কুষ্টিয়ার শিল্প ও ক্যাপটিভ শ্রেণির গ্রাহক এবং ভেড়ামারা ৪১০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহ করা হয়। কোম্পানির ২০২৩-২০২৪ এবং ২০২২-২০২৩ অর্থবছরে গ্যাস বিক্রয় ও বিক্রয়লব্ধ আয়ের একটি তুলনামূলক বিবরণ উপস্থাপন করা হলোঃ

| গ্রাহক শ্রেণী | ২০২৩-২০২৪ | | ২০২২-২০২৩ | |
|---|---|---|---|---|
| | পরিমাণ (মিলিয়ন ঘনমিটার) | বিক্রয়মূল্য (লক্ষ টাকা) | পরিমাণ (মিলিয়ন ঘনমিটার) | বিক্রয়মূল্য (লক্ষ টাকা) |
| বিদ্যুৎ | ৮৫০.১৯৮ | ১২৩২৭৩.৫৩০ | ৮৬৩.২১৪ | ৭৩২৬১.৬১১ |
| শিল্প | ২৯.০২৫ | ৮৭০৭.৫১৩ | ৩১.২৩৫ | ৫৯৯৭.৬৮৭ |
| ক্যাপটিভ | ১৬.০৯৮ | ৪৮৯৬.৯৩৯ | ১৬.৪৩৫ | ৩৫৫৬.৫৮৪ |
| বাণিজ্যিক (হোটেল ও রেস্তোরাঁ) | ০.০২৯ | ৮.৭২৭ | ০.০৩০ | ৮.৪৭৬ |
| আবাসিক | ৪.৭৯৫ | ৮৬২.৮৩৭ | ৪.৮০৭ | ৮৬৫.৩২৭ |
| শিল্প (নন-পাইপ ভোলা) | ০.৮১৭ | ১৩৮.৯০২ | - | - |
| **মোট=** | **৯০০.৯৬২** | **১৩৭৮৮৮.৪৪৮** | **৯১৫.৭২১** | **৮৩৬৮৯.৬৮৫** |

### অন্যান্য পরিচালন আয়

কোম্পানির ২০২৩-২০২৪ অর্থবছরে সংযোগ ফি, কমিশনিং ফি, সারচার্জ, মিটার ভাড়া, ডিমান্ড চার্জ ও হিটিং ভ্যালু বাবদ আয় হয়েছে ১০৬৮৭.৭৬৮ লক্ষ টাকা যা ২০২২-২০২৩ অর্থ বছরে ছিল ৬৯১৬.২৪ লক্ষ টাকা।

### গ্যাস সংযোগ বিচ্ছিন্ন ও পুনঃসংযোগ কার্যক্রম

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এর অধিভুক্ত ভোলা জেলায় আবাসিক, বাণিজ্যিক, শিল্প, ক্যাপটিভ পাওয়ার ও বিদ্যুৎ শ্রেণিতে গ্যাস সংযোগ রয়েছে। এছাড়া কুষ্টিয়াতে শিল্প, ক্যাপটিভ পাওয়ার ও বিদ্যুৎ শ্রেণিতে গ্যাস সংযোগ রয়েছে। ইতোমধ্যে এসজিসিএল-এর অধিভুক্ত ভোলা ও কুষ্টিয়া এলাকায় প্রতিটি গ্রাহক আঙ্গিনা পরিদর্শন করে ভোলা ও কুষ্টিয়া এলাকাকে অবৈধ গ্যাস পাইপ লাইন নেটওয়ার্কের আওতায় অবৈধ গ্রাহক নেই মর্মে নিশ্চিত করা হয়েছে। এতদসত্ত্বেও পেট্রোবাংলার নির্দেশনায় গ্যাস কারচুপি/অবৈধ গ্যাস সংযোগ মনিটরিং করার জন্য কোম্পানি পর্যায়ে গঠিত ভিজিলেন্স ও টাস্কফোর্স টিম কর্তৃক নিয়মিতভাবে গ্রাহক আঙ্গিনা পরিদর্শন করা হচ্ছে এবং কোনো অবৈধ গ্যাস পাইপলাইন নির্মাণ/গ্যাস সংযোগ/গ্যাস কারচুপির তথ্য পাওয়া গেলে তৎক্ষণাৎ "গ্যাস বিপণন নিয়মাবলী-২০১৪"/বাংলাদেশ গ্যাস আইন-২০১০ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে। এছাড়াও গ্রাহক আঙ্গিনায় অননুমোদিত সরঞ্জাম/চুলা পাওয়া গেলে কিংবা বিল খেলাপি গ্রাহক হলে টিম কর্তৃক তাৎক্ষণিকভাবে গ্যাস সংযোগ সাময়িকভাবে বিচ্ছিন্ন করা হয়ে থাকে।

২০২৩-২০২৪ অর্থবছরে কোম্পানি পর্যায়ে গঠিত ভিজিলেন্স টিম, টাস্কফোর্স টিম ও ক্রাশ প্রোগ্রাম পরিচালনার মাধ্যমে গ্রাহকের আঙ্গিনা পরিদর্শনকালীন সময়ে বিল বকেয়াজনিত কারণে ৮ (আট)টি, অনুমোদন অতিরিক্ত চুলা ব্যবহারের কারণে ০৮ (আট)টি এবং ভিন্ন উদ্দেশ্যে গ্যাস ব্যবহারের কারণে ০১ (এক)টি সহ সর্বমোট ১৭ (সতেরো)টি আবাসিক গ্রাহকের গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে। বিচ্ছিন্নকৃত গ্রাহকের গ্যাস সংযোগ "গ্যাস বিপণন নিয়মাবলী-২০১৪" অনুযায়ী অতিরিক্ত গ্যাস বিল, জরিমানা ও অন্যান্য পাওনাদি আদায়পূর্বক পুনঃসংযোগ প্রদান করা হয়েছে। এছাড়া, অবৈধ গ্যাস সংযোগ গ্রহণ/ অবৈধ কার্যক্রম থেকে বিরত থাকার জন্য নিয়মিতভাবে মাইকিং-এর মাধ্যমে প্রচার প্রচারণা অব্যাহত আছে।



ভিজিল্যান্স টিম কর্তৃক রাইজার অপসারণ

## ভিজিল্যান্স কার্যক্রম

এসজিসিএল-এর আওতাধীন এলাকায় অবৈধ গ্যাস সংযোগ, অবৈধ পাইপলাইন নির্মাণ, অননুমোদিত সরঞ্জামে গ্যাস ব্যবহার ও গ্যাস কারচুপির তথ্য/অভিযোগ পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে তা নিশ্চিতকরণপূর্বক বিচ্ছিন্ন/উচ্ছেদ করা হয়। এছাড়া, কোম্পানির ভিজিল্যান্স টিম কর্তৃক নিয়মিতভাবে বিভিন্ন শ্রেণির গ্রাহকের আঙ্গিনা পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে গ্রাহক কর্তৃক গ্যাস ব্যবহারে কোনো অনিয়ম পরিলক্ষিত হলে গ্যাস বিপণন নিয়মাবলী মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হয়। অবৈধ গ্যাস ব্যবহারকারী কর্তৃক গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ কার্যক্রমে প্রতিবন্ধকতা সৃষ্টি করা হলে নির্বাহী ম্যাজিস্ট্রেট, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও সংশ্লিষ্ট এলাকার জনপ্রতিনিধিগণের সহায়তায় গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণসহ "গ্যাস বিপণন নিয়মাবলী-২০১৪" অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে।

## আর্থিক ও রাজস্ব কার্যক্রম

এ পর্যায়ে আমি কোম্পানির আর্থিক ও রাজস্ব কার্যক্রমের বিস্তারিত বিবরণ আপনাদের অবগতি ও বিবেচনার জন্য উপস্থাপন করছি।

## হুইলিং চার্জ

জিটিসিএল-এর গ্যাস সঞ্চালন পাইপলাইনের মাধ্যমে ২০২৩-২০২৪ অর্থবছরে এসজিসিএল নেটওয়ার্কে সরবরাহকৃত ১৫৫.৮৪৫ মিলিয়ন ঘনমিটার গ্যাসের হুইলিং চার্জ বাবদ ব্যয় হয়েছে ১৫.৯০ কোটি টাকা। বিগত অর্থবছরে যার পরিমাণ ছিল ১৩.৭৫ কোটি টাকা।

## গ্যাস উন্নয়ন তহবিল

গ্যাসের অনুসন্ধান ও উৎপাদনে নিয়োজিত কোম্পানিসমূহের মজুত/উৎপাদন বৃদ্ধির উদ্দেশ্যে ১ আগস্ট ২০০৯ তারিখে গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ) গঠন করা হয়। এ খাতে ২০২৩-২০২৪ অর্থবছরে ব্যয় ১৬.৩০ কোটি টাকা। পূর্ববর্তী অর্থবছরে যার পরিমাণ ছিল ১৬.৬৬ কোটি টাকা।

## জ্বালানি নিরাপত্তা তহবিল

বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন কর্তৃক ১ সেপ্টেম্বর ২০১৫ থেকে কার্যকর করে পুনঃনির্ধারিত গ্যাস ট্যারিফে গ্যাসের সম্পদমূল্য ভারিত গড়ে প্রতি ঘনমিটার ১.০১ টাকা সমন্বয়ে ভোক্তা স্বার্থে "জ্বালানি নিরাপত্তা তহবিল" গঠন করা হয়। এ তহবিলে ২০২৩-২০২৪ অর্থবছরে ব্যয় ১৮.১৬ কোটি টাকা। পূর্ববর্তী অর্থবছরে যার পরিমাণ ছিল ১৮.৫৬ কোটি টাকা।

## এলএনজি চার্জ

দেশীয় গ্যাসের সীমিত উৎপাদন বৃদ্ধি এবং গ্যাসের চাহিদা ক্রমান্বয়ে বৃদ্ধির প্রেক্ষাপটে বিগত ১৮ আগস্ট ২০১৮ তারিখ হতে আমদানিকৃত এলএনজি'র ব্যয় নির্বাহের জন্য ২০২৩-২০২৪ অর্থবছরে বিইআরসি কর্তৃক নির্ধারিত এলএনজি অপারেশনাল চার্জ বাবদ ৬০৩.৭৪ কোটি টাকা ব্যয় হয়েছে। পূর্ববর্তী অর্থবছরে যার পরিমাণ ছিল ৫৩৬.৯৮ কোটি টাকা।

## পেট্রোবাংলার চার্জ

আমদানিকৃত এলএনজি'র ব্যয় নির্বাহের বিপরীতে ২০২৩-২০২৪ অর্থবছরে বিইআরসি কর্তৃক নির্ধারিত পেট্রোবাংলার চার্জ বাবদ ৬.০৭ কোটি টাকা ব্যয় হয়েছে। পূর্ববর্তী অর্থবছরে যার পরিমাণ ছিল ৫.৬৪ কোটি টাকা।

## নিট মুনাফা

২০২৩-২০২৪ অর্থবছরে কোম্পানির করপূর্ব মুনাফা হয়েছে ১১৪.৩৮ কোটি টাকা। পূর্ববর্তী অর্থবছরে যার পরিমাণ ছিল ৯৫.৬৪ কোটি টাকা অর্থাৎ আলোচ্য অর্থবছরে মুনাফা বৃদ্ধি পেয়েছে ১৮.৭৪ কোটি টাকা, যা পূর্ববর্তী বছরের তুলনায় ১৯.৬০% বেশি।

কোম্পানির অর্থবছর ভিত্তিক মুনাফার হিসাব নিম্নে প্রদর্শন করা হলো:

## অর্থ বছর ভিত্তিক মুনাফার বিবরণী

(কোটি টাকায়)

| অর্থ বছর | গ্যাস বিক্রয়ের পরিমাণ (এমএমসিএম) | গ্যাস বিক্রয় (টাকা) | গ্যাস ক্রয়ের পরিমাণ (এমএমসিএম) | গ্যাস ক্রয় (টাকা) | মোট মুনাফা | অপারেশনাল ও অন্যান্য আয় | প্রশাসনিক ও অন্যান্য ব্যয় | করপূর্ব মুনাফা | আয়কর | কর পরবর্তী মুনাফা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০১৩-১৪ | ২১.৩১ | ৬.২১ | ২০.৮৫ | ৪.৯ | ১.৩১ | ২.৮৮ | ৩.৫৬ | ০.৬৩ | ০.২২ | ০.৪১ |
| ২০১৪-১৫ | ৯০.৯১ | ২৬.২৯ | ৯০.৯১ | ২১.১৯ | ৫.১০ | ৫.১৫ | ৪.৭২ | ৫.৫৩ | ১.৯৪ | ৩.৫৯ |
| ২০১৫-১৬ | ২৯৪.৫৭ | ৮৪.৪৫ | ২৯৪.৫৪ | ৭১.২৮ | ১৩.১৭ | ৩.১০ | ৬.৯২ | ৯.৩৫ | ৩.২৭ | ৬.০৮ |
| ২০১৬-১৭ | ৩৪৭.৪৮ | ১০৪.২৭ | ৩৪৭.৪৮ | ৯০.২২ | ১৪.০৫ | ৫.৮১ | ১৩.৮৮ | ৫.৯৮ | ২.০৯ | ৩.৮৯ |
| ২০১৭-১৮ | ৭৬৮.৪৬ | ২৪৭.০০ | ৭৬৬.৪৮ | ২১৭.১৪ | ২৯.৮৬ | ১৯.৮৪ | ১৬.৩৮ | ৩৩.৩২ | ১১.৬৬ | ২১.৬৬ |
| ২০১৮-১৯ | ৯৭৯.৮৭ | ৩১৭.৯৫ | ৯৭১.৬৫ | ২৬৮.৮৬ | ৪৯.০৯ | ৩৪.১৯ | ২১.৯১ | ৬১.৩৭ | ২১.৪৮ | ৩৯.৮৯ |
| ২০১৯-২০ | ৯৫৬.০৪ | ৪৪২.৩৪ | ৯৩৫.৮৩ | ৩৮৯.১৮ | ৫৩.১৬ | ৬৪.৪ | ৩৭.০৬ | ৮০.৫০ | ২৬.১৬ | ৫৪.৩৪ |
| ২০২০-২১ | ৯৫২.৫১ | ৪৪৩.৪৭ | ৯৪১.৮৪ | ৩৯৬.৯৩ | ৪৬.৫৪ | ৭৮.৪৮ | ৩৯.৯৭ | ৮৫.০৫ | ২৫.৫১ | ৫৯.৫৪ |
| ২০২১-২২ | ১০৩৩.৮৭ | ৪৯৪.৬৩ | ১০২৯.৫৪ | ৪৩৯.৮৫ | ৫৪.৭৮ | ৯৩.৫১ | ৪৫.৬৫ | ১০২.৬৪ | ২৮.২৫ | ৭৪.৩৯ |
| ২০২২-২৩ | ৯১৫.৭২ | ৮৩৬.৮৯ | ৯০৭.৮৪ | ৭৮৬.৩৩ | ৫০.৫৬ | ৯২.২০ | ৪৭.১২ | ৯৫.৬৪ | ২৬.৩০ | ৬৯.৩৪ |
| ২০২৩-২৪ | ৯০০.৯৬ | ১৩৭৮.৮৮ | ৮৮৯.০২ | ১২৬৪.১৮ | ১১৪.৭০ | ১২৮.২৬ | ১২৮.৫৮ | ১১৪.৩৮ | ২৮.৫৮ | ৮৫.৮০ |

## একাউন্টস রিসিভেবল ও বকেয়া গ্যাস বিলের বিবরণী

৩০ জুন ২০২৪ তারিখে একাউন্ট রিসিভেবলের পরিমাণ ১৪৬০৯২.১৩ লক্ষ টাকা। উল্লেখ্য যে, জুন ২০২৪ মাসের গ্যাস বিক্রয়ের পরিমাণ ১৬৭১৭.৫৪ লক্ষ টাকা, যা জুলাই ২০২৪ মাসে ইনভয়েস করা হয়েছে বিধায় উক্ত অর্থ ৩০ জুন ২০২৪ তারিখে একাউন্টস রিসিভেবলের মধ্যে অন্তর্ভুক্ত থাকলেও তা বকেয়া গ্যাস বিলের হিসাব হতে বাদ দেওয়া হয়েছে। তবে ৩০ জুন ২০২৪ তারিখের হিসাব অনুযায়ী বকেয়া গ্যাস বিলের পরিমাণ ১২৯৩৭৪.৫৯ লক্ষ টাকা যা ৮.৩৩ মাসের গড় বিলের সমতুল্য। গ্রাহক শ্রেণিভিত্তিক বকেয়া গ্যাস বিলের বিবরণী নিম্নে ছক আকারে দেখানো হলোঃ

## ৩০-০৬-২০২৪ তারিখে এ্যাকাউন্টস রিসিভেবল এবং বকেয়া গ্যাস বিলের বিবরণী

| ক্র: নং | গ্রাহক শ্রেণি | ৩০ জুন ২০২৪ তারিখে একাউন্টস রিসিভেবল (লক্ষ টাকায়) | ৩০ জুন ২০২৪ তারিখে বকেয়া গ্যাস বিলের পরিমাণ (জুন ২০২৪ মাসের বিক্রয় ব্যতীত) (লক্ষ টাকায়) | মাসিক গড় বিক্রয় (লক্ষ টাকায়) | সমতুল্য মাস |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ = (৪/৫) |
| ১ | **বিদ্যুৎ** | | | | |
| | সরকারি | ৮৮৩৯৪.৬১ | ৭৭৮৪৩.৩৮ | ৯৪১৮.২৬ | ৮.২৬ |
| | বেসরকারি | ৫৬২৭৩.৪৭ | ৫১২৮৪.৭৬ | ৪৯১৭.৭৯ | ১০.৪৩ |
| ২ | **ক্যাপটিভ পাওয়ার** | | | | |
| | সরকারি | - | - | - | - |
| | বেসরকারি | ৪৩৯.৯০ | - | ৩৯৮.৮১ | - |
| ৩ | **শিল্প** | | | | |
| | সরকারি | - | - | - | - |
| | বেসরকারি | ৮২২.২৯ | ২০৯.৭০ | ৭০০.০১ | ০.৩০ |
| ৪ | **বাণিজ্যিক** | | | | |
| | সরকারি | - | - | - | - |
| | বেসরকারি | ১.৯৫ | ১.২৯ | ০.৬৫ | ১.৯৯ |
| ৫ | **আবাসিক** | | | | |
| | সরকারি | ১৬.৩৪ | ১৩.৮৩ | ২.৬০ | ৫.৩২ |
| | বেসরকারি | ৯০.৮৯ | ২১.৬৩ | ৬৯.৩৫ | ০.৩১ |
| ৬ | শিল্প (নন-পাইপ ভোলা) | | | | |
| | বেসরকারি | ৫২.৬৮ | - | ১৭.৬৮ | - |

৩০ জুন ২০২৪ তারিখের মোট একাউন্ট রিসিভেবল ও বকেয়া গ্যাস বিলের পরিমাণ: (লক্ষ টাকায়)

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৭ | মোট সরকারি | ৮৮৪১০.৯৫ | ৭৭৮৫৭.২১ | ৯৪২০.৮৬ | ৮.২৬ |
| ৮ | মোট বেসরকারি | ৫৭৬৮১.১৮ | ৫১৫১৭.৩৮ | ৬১০৪.২৯ | ৮.৪৪ |
| ৯ | **সর্বমোট (৭+৮)** | ১৪৬০৯২.১৩ | ১২৯৩৭৪.৫৯ | ১৫৫২৫.১৫ | ৮.৩৩ |

বিদ্যুৎ গ্রাহকের নিকট ৩০ জুন ২০২৪ তারিখে সারচার্জ বাবদ পাওনা রয়েছে ৯১৬.০৪ লক্ষ টাকা।

## অনলাইন কার্যক্রম

### ইন্টিগ্রেটেড সফটওয়্যার এন্ড অনলাইন বিলিং সিস্টেম

এসজিসিএল-এর বিপণন, ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস ও ফিন্যান্স ডিভিশনের জন্য মডিউল ভিত্তিক সফটওয়্যার তৈরির লক্ষ্যে ২০১৭ সালে এসজিসিএল এবং আইআইসিটি, বুয়েট-এর মধ্যে চুক্তি সম্পাদনের মাধ্যমে একটি অনলাইন রাজস্ব সফটওয়্যার ডেভেলপ করা হয়। উক্ত সফটওয়্যারে এসজিসিএল-এর সকল গ্রাহকের যাবতীয় তথ্য ডিজিটালাইজড পদ্ধতিতে সার্ভারে সু-সংরক্ষিত করা সম্ভবপর হচ্ছে। ফলে গ্রাহক সংক্রান্ত যাবতীয় তথ্যাদি যেমন মাসিক গ্যাস ব্যবহার এন্ট্রিসহ গ্রাহকের সকল তথ্য, গ্রাহকের গ্যাস বিল তৈরি এবং এর সাথে গ্যাস ক্রয় ও এমআইএস রিপোর্ট প্রস্তুতের নিমিত্ত প্রয়োজনীয় তথ্য তাৎক্ষণিকভাবে সিস্টেম হতে পাওয়া যায়। গ্রাহকের লেজার রিপোর্ট, সেলস রিপোর্ট, কালেকশন রিপোর্ট, অ্যাকাউন্টস রিসিভেবলস রিপোর্ট, ডিমান্ড নোট সংক্রান্ত রিপোর্ট, জামানত সংক্রান্ত রিপোর্ট, ডিউজ লিস্ট, ডিফল্টার লিস্ট ইত্যাদি প্রস্তুত করা সম্ভব হচ্ছে। নিরাপত্তা জামানত সংক্রান্ত যাবতীয় কাজ যেমন: বিজি/পিএসপি/ক্যাশ এন্ট্রিকরণ, বিজি নবায়নকরণ, বিজি নগদায়ন, গ্রাহকের অতিরিক্ত জামানত ফেরত প্রদান, বিজি বাতিল, গ্রাহকের বিলের সাথে জামানত সমন্বয় ইনিশিয়েট করা, জামানত সমন্বয় অনুমোদন প্রদান, অনুমোদিত সমন্বয়কৃত জামানত গ্রাহক লেজারে স্থানান্তর, গ্রাহকের জামানত লেজার প্রদর্শন, গ্রাহকের জামানতের হালনাগাদ স্থিতি সম্পর্কিত তথ্য পাওয়া সম্ভব হচ্ছে। এছাড়া, উক্ত সফটওয়্যারের মাধ্যমে অ্যাকাউন্ট এবং খাত ভিত্তিক ডিমান্ড নোট যেমন:

গ্যাস বিল হিসাব সংক্রান্ত ডিমান্ড নোট, সাধারণ হিসাব সংক্রান্ত ডিমান্ড নোট, বিবিধ হিসাব সংক্রান্ত ডিমান্ড নোট প্রস্তুত করা সম্ভব হচ্ছে। এছাড়া, বিভিন্ন সময়ে গ্রাহকের সংযোগ বিচ্ছিন্ন, পুনঃসংযোগ, চুলা স্থানান্তর, মিটার পরিবর্তন ইত্যাদি ইভেন্ট সংক্রান্ত তথ্যাদি হালনাগাদের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে বিল প্রস্তুত করা হচ্ছে। এসজিসিএল-এর শিল্প গ্রাহকগণের মাসিক বিল প্রস্তুতের পর ই-মেইলে বিলের কপি প্রেরণ করা হচ্ছে এবং এসএমএস-এর মাধ্যমে বিল সংক্রান্ত তথ্য গ্রাহকদের অবগত করা হচ্ছে। বিল পরিশোধের পর উক্ত সফটওয়্যার সিস্টেম হতে বিল পরিশোধকারী গ্রাহকদেরকে বিল পরিশোধের কনফারমেশন এসএমএস প্রদান করা হচ্ছে। অনলাইন পদ্ধতিতে গ্রাহকগণ এসজিসিএল-এর সাথে চুক্তিবদ্ধ ১৩টি ব্যাংকের সকল শাখা ও মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস যেমন, বিকাশ, রকেট, নেক্সাসপে, ভিসা কার্ড, মাস্টারকার্ড, জিপে, টেলিক্যাশ, শিউরক্যাশ, মাইক্যাশের মাধ্যমে অনলাইনে গ্যাস বিল পরিশোধ করতে পারছেন।

## e-GP তে দরপত্র আহ্বান

সরকারি নির্দেশনা মোতাবেক বর্তমানে এসজিসিএল কর্তৃক সকল দরপত্র ই-জিপি সিস্টেমে আহ্বান করা হয়। বিগত ২০২৩-২৪ অর্থবছরের জুন' ২০২৪ মাস পর্যন্ত আহ্বানকৃত দরপত্রের সংখ্যা মোট ০৯টি, যার শতভাগ ই-জিপির মাধ্যমে আহ্বান করা হয়েছে।

## ডি-নথির ব্যবহার বৃদ্ধি

বর্তমানে এসজিসিএল-এর অধিকাংশ দাপ্তরিক কাজ ডি-নথির মাধ্যমে সম্পাদন করা হচ্ছে। ডি-নথিতে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কোম্পানিতে কর্মরত কর্মকর্তাগণকে নিয়মিতভাবে ডি-নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এছাড়াও অত্র কোম্পানিতে নতুন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদেরও ডি-নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ডি-নথিতে নথির শ্রেণীবিন্যাসসহ দাপ্তরিক কার্যক্রম পরিচালনা সংক্রান্ত বিভিন্ন কর্মশালা আয়োজনের মাধ্যমে ডি-নথির কার্যক্রম জোরদার করা হচ্ছে। ২০২৩-২৪ অর্থবছরে এসজিসিএল-এর ডি-নথি ব্যবহারের হার ৯৮.৬৯%। ডি-নথির মাধ্যমে দাপ্তরিক কাজের গতিশীলতা বৃদ্ধি পেয়েছে।

## ওয়েবসাইট হালনাগাদকরণ

এসজিসিএল-এর ওয়েবসাইটটি (www.sgcl.org.bd) ২০২০ সাল থেকে জাতীয় তথ্য বাতায়নের সাথে সংযুক্ত আছে। ওয়েবসাইটটি নিয়মিতভাবে মন্ত্রিপরিষদ বিভাগের গাইডলাইন অনুযায়ী হালনাগাদ করা হচ্ছে। ফলে, সকল সরকারি সংস্থার সাথে এসজিসিএল-এর ওয়েবসাইটের সামঞ্জস্য বজায় থাকছে এবং গ্রাহক/জনসাধারণের তথ্য প্রাপ্তি সহজতর হচ্ছে।

## ভিডিও কনফারেন্সিং সিস্টেম ও অনলাইন মিটিং

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা ও এর আওতাধীন কোম্পানিসমূহের সাথে আন্তঃযোগাযোগ (একক এবং মাল্টি) করার জন্য এসজিসিএল-এর প্রধান কার্যালয়ে ভিডিও কনফারেন্সিং সিস্টেম স্থাপন করা হয়েছে এবং অনলাইন মিটিং প্লাটফর্ম জুমের মাধ্যমে দাপ্তরিক সকল সভাসমূহ প্রযোজ্য ক্ষেত্রে অনলাইনে হাইব্রিড মোডে আয়োজন করা সম্ভব হচ্ছে।

## উন্নয়ন কার্যক্রম

### সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

এখন আমি কোম্পানির ২০২৩-২০২৪ অর্থবছরের উন্নয়ন কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ উপস্থাপন করছি।

## বাস্তবায়িত উন্নয়নমূলক কার্যক্রম

### খুলনা জেলায় ডিআরএস স্থাপনের নিমিত্ত নির্ধারিত জমির ভূমি উন্নয়ন ও বাউন্ডারি ওয়াল নির্মাণ

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর অধিক্ষেত্রাধীন খুলনা জেলার শিরোমনিতে একমাত্র পরিকল্পিত শিল্প এলাকা হিসেবে বিদ্যমান বিসিক শিল্পনগরীতে শিল্প প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহের লক্ষ্যে এসজিসিএল-এর পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে খুলনা জেলার যোগীপোল নামক স্থানে ডিআরএস নির্মাণের জন্য এসজিসিএল-এর নির্ধারিত ১৬.৬৫ শতাংশ জমির ভূমি উন্নয়ন ও বাউন্ডারি ওয়াল নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে।

### ভোলার বোরহানউদ্দিনস্থ নূতন বিদ্যুৎ (বাংলাদেশ) লিমিটেড (এনবিবিএল)-এর ২২০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (সিসিপিপি)-তে গ্যাস সরবরাহ

নূতন বিদ্যুৎ (বাংলাদেশ) লিঃ (এনবিবিএল) কর্তৃক ভোলাস্থ বোরহানউদ্দিনে স্থাপিত ২২০ মেঃওঃ গ্যাস (এইচএসডি) বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের লক্ষ্যে গ্রাহক অর্থায়নে (Depository Work) ৪৮ এমএমএসসিএফডি ক্ষমতার একটি আরএমএস ও ১২ "DN x 7 Km x 1000 psig পাইপলাইন নির্মাণের নিমিত্ত গত ১৫/০১/২০২০ তারিখে এসজিসিএল এবং M/S. Tormene Americana SA/JVCA-এর মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। উক্ত চুক্তি মোতাবেক কন্ট্রোল বিল্ডিং, স্থায়ী RMS এবং পাইপলাইন নির্মাণ কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। গত ০৪/১১/২০২৩ তারিখে পাইপলাইন কমিশনিং কার্যক্রম সম্পন্ন হয়। এছাড়া, স্থায়ী RMS-এর প্রি-কমিশনিং কাজ সম্পন্নকরতঃ নভেম্বর,



এনবিবিএল ২২০ মে.ও. সিসিপিপি আরএমএস-এর প্রেসার টেস্ট

২০২৪-এর শেষ সপ্তাহে চূড়ান্ত RMS কাজ শুরু হয়েছে। গত ১৩/০৯/২০২০ তারিখ হতে বর্ণিত বিদ্যুৎ কেন্দ্রে অস্থায়ী আরএমএস ও পাইপলাইনের মাধ্যমে গ্যাস সরবরাহ করা হচ্ছে। বর্তমানে অস্থায়ী আরএমএস এবং পাইপলাইনের মাধ্যমে উক্ত বিদ্যুৎ কেন্দ্রের চাহিদা অনুযায়ী প্রতিদিন গড়ে ৩৫ এমএমএসসিএফডি হারে গ্যাস সরবরাহ করা হচ্ছে। উক্ত বিদ্যুৎ কেন্দ্রে ২০২৩-২৪ অর্থবছরে ৩৪৭.৪৭ মিলিয়ন ঘনমিটার গ্যাস সরবরাহ করা হয়।

## ভোলা এলাকা হতে প্রাথমিকভাবে ৫ এমএমসিএফডি ও পরবর্তী পর্যায়ে ২০ এমএমসিএফডি গ্যাস কম্প্রেসড করে পরিবহনপূর্বক তিতাস গ্যাসের অধিক্ষেত্রাধীন এলাকার গ্রাহক শিল্প প্রতিষ্ঠানে সরবরাহ

ভোলা হতে প্রাথমিকভাবে ৫ এমএমসিএফডি এবং পরবর্তী পর্যায়ে আরো ২০ এমএমসিএফডি গ্যাস কম্প্রেসড করে পরিবহনপূর্বক সরবরাহের জন্য সকল প্রকার অবকাঠামো নির্মাণপূর্বক তিতাস গ্যাসের অধিক্ষেত্রাধীন এলাকার গ্রাহক শিল্প প্রতিষ্ঠানে সরবরাহের লক্ষ্যে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড এবং ইন্ট্রাকো রিফুয়েলিং স্টেশন পিএলসি-এর মধ্যে গত ২১ মে ২০২৩ তারিখ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। প্রথম পর্যায়ে ভোলা হতে দৈনিক ৫ মিলিয়ন ঘনফুট গ্যাস তিতাস গ্যাসের আওতাধীন গ্রাহক শিল্প প্রতিষ্ঠানে সরবরাহ কার্যক্রম গত ২১ ডিসেম্বর ২০২৩ তারিখে আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়েছে। পরবর্তীতে প্রয়োজনীয় অনুমতি এবং দলিলাদি দাখিল সাপেক্ষে গত ২১ অক্টোবর ২০২৪ তারিখে ইন্ট্রাকোকে চূড়ান্ত গ্যাস সংযোগ প্রদান করা হয়েছে। বর্তমানে তিতাস গ্যাসের আওতাধীন এলাকাস্থ বিভিন্ন গ্রাহক শিল্প প্রতিষ্ঠানে আলোচ্য পদ্ধতিতে গ্যাস সরবরাহ করা হচ্ছে। এছাড়াও পরবর্তী পর্যায়ে ২০ এমএমসিএফডি গ্যাস সরবরাহের বিষয়ে ইন্ট্রাকোর পত্র মারফত জানা যায় যে, ইন্ট্রাকো কর্তৃক বোরহানউদ্দিন উপজেলার কাচিয়া মৌজার স্থলে একই উপজেলার চর গাজীপুর মৌজায় জমি ক্রয়পূর্বক ভূমি উন্নয়ন কাজ সম্পন্ন করে সীমানা প্রাচীরসহ কম্প্রেসরসমূহের ফাউন্ডেশনের কাজ সম্পন্ন হয়েছে এবং ইতোমধ্যেই প্রয়োজনীয় সংখ্যক কম্প্রেসরের কার্যাদেশ প্রদান করা হয়েছে। তবে, বর্তমানে এলসি জনিত জটিলতার কারণে কম্প্রেসরসমূহ সাইটে আনয়নপূর্বক স্থাপন করে স্টেশনটি চালু করতে জুন, ২০২৫ মাস পর্যন্ত সময় লাগতে পারে। ।

## বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)-এর ওয়ান স্টপ সার্ভিস সিস্টেমের মাধ্যমে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর আওতাধীন এলাকায় গ্যাস সংযোগ সংক্রান্ত সেবা গ্রহণ

সরকারি নির্দেশনাক্রমে দেশের দক্ষিণ পশ্চিমাঞ্চলে এসজিসিএল-এর অধিক্ষেত্রাধীন এলাকায় দেশি ও বিদেশি বিনিয়োগকারীদের দ্রুত গ্যাস সংযোগ সংক্রান্ত সেবা প্রদানের জন্য বিডা-এর ওয়ান স্টপ সার্ভিস সিস্টেমের সাথে এসজিসিএল-এর গ্যাস সংযোগ সংক্রান্ত অনলাইন

অ্যাপ্লিকেশন সিস্টেমের ইন্টিগ্রেশনের লক্ষ্যে এসজিসিএল ও বিডা'র মধ্যে গত ২৩ জুলাই ২০২৩ তারিখে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়। সে লক্ষ্যে এসজিসিএল কর্তৃক গ্রাহকদের ফিস/বিলস/চার্জেস সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে গ্রহণের লক্ষ্যে গত ১৮/০৭/২০২৪ তারিখে সোনালী ব্যাংক পিএলসি, খুলনা কর্পোরেট শাখা এবং এসজিসিএল-এর মধ্যে আরেকটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এসজিসিএল-এর অনলাইন সিস্টেমের সাথে সোনালি পেমেন্ট গেটওয়ে যুক্ত করার কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। গত ০১/০৭/২০২৪ তারিখে বিডা-এর ওয়ান স্টপ সার্ভিস সিস্টেমের সাথে এসজিসিএল-এর অনলাইন সিস্টেমের ইন্টিগ্রেশন সম্পন্ন হয়েছে। বর্তমানে প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীরা বিডার ওএসএস পোর্টাল (https://bidaquickserv.org/) ব্যবহার করে এসজিসিএল হতে নতুন গ্যাস সংযোগ আবেদন সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে পারবে।

## বিতরণ পাইপলাইনের Coating Defect ও Leak Detection কার্যক্রম

ভোলা এলাকায় বিভিন্ন ব্যাসের (১০ ইঞ্চি, ৮ ইঞ্চি, ৬ ইঞ্চি এবং ৪ ইঞ্চি) ৩৮ কিলোমিটার বিতরণ পাইপলাইনের Coating Defect ও Leak Detection কার্যক্রম ঠিকাদার নিয়োগের মাধ্যমে সম্পাদন করা হয়। বিতরণ পাইপলাইনে ৫৮টি Coating Defect পাওয়া গেছে এবং কোন Leak পাওয়া যায়নি। প্রাপ্ত Coating Defect সমূহ মেরামতকরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

## ভোলা ও কুষ্টিয়া এলাকায় পাইপলাইনের নিরাপত্তা নিশ্চিতকরণের নিমিত্ত Cathodic Protection system আপগ্রেডেশন

এসজিসিএল-এর অধিকারভুক্ত ভোলা এলাকায় ০২টি Transformer Rectifier (TR) সেট ও ১৬টি টেস্ট পোস্ট এবং কুষ্টিয়া এলাকায় ০১টি TR সেট ও ০২টি টেস্ট পোস্ট স্থাপনের মাধ্যমে Cathodic Protection system আপগ্রেডেশন করা হয়। যার ফলে পাইপলাইনের ক্ষয় প্রতিরোধ ব্যবস্থা নিশ্চিত হয়েছে। এছাড়া, উক্ত TR সমূহকে অনলাইন মনিটরিংয়ের আওতায় নিয়ে আসা হয়েছে।

## পাইপলাইন ও ভাল্ব পিট মেরামত

এসজিসিএল-এর অধিকারভুক্ত এলাকায় স্থাপিত বিতরণ ও সার্ভিস পাইপলাইন এবং পাইপলাইনে অবস্থিত ভাল্বপিটসমূহের বার্ষিক রক্ষণাবেক্ষণ/মেরামত কার্যক্রম ঠিকাদার নিয়োগের মাধ্যমে সম্পাদন করা হয়েছে।

## গ্যাস স্টেশন রক্ষণাবেক্ষণ/মেরামত

এসজিসিএল ও পেট্রোবাংলার মধ্যে স্বাক্ষরিত ২০২৩-২৪ অর্থবছরের এপিএ-এর আলোকে এসজিসিএল-এর অধিকারভুক্ত ভোলা এলাকায় বিপিডিবি ২২৫ মে.ও. সিসিপিপি আরএমএস ও কুষ্টিয়া এলাকায় ভেড়ামারা ৪১০ মে.ও. সিসিপিপি আরএমএস-এর রক্ষণাবেক্ষণ/মেরামত কার্যক্রম ঠিকাদার নিয়োগের মাধ্যমে সম্পাদন করা হয়েছে।



ভোলা বিসিক শিল্প নগরীর অভ্যন্তরে নির্মিত গ্যাস বিতরণ পাইপ লাইনের লোয়ারিং ও ব্যাক ফিলিং

## বাস্তবায়নাধীন উন্নয়নমূলক কার্যক্রম

## রূপসা ৮০০ মে.ও. কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহ

নর্থ-ওয়েষ্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল)-এর অর্থায়নে রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের জন্য এনডব্লিউপিজিসিএল এবং সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর যৌথ তত্ত্বাবধানে প্রয়োজনীয় গ্যাস পাইপলাইন ও আরএমএস নির্মাণের বিষয়ে গত ৩০/০৪/২০১৭ তারিখে উক্ত কোম্পানিদ্বয়ের মধ্যে সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরিত হয়। সে অনুযায়ী এনডব্লিউপিজিসিএল-এর অর্থায়নে এবং এসজিসিএল-এর কারিগরি সহযোগিতায় জিটিসিএল-এর খুলনাস্থ আড়ংঘাটা সিজিএস হতে বিদ্যুৎ কেন্দ্র আঙ্গিনা পর্যন্ত ২৪ ইঞ্চি ব্যাসের ৯.২১২৭ কি.মি. এবং ২০ ইঞ্চি ব্যাসের ১.৮৫৫৩ কি.মি. অর্থাৎ মোট ১১.০৬৮ কিঃমিঃ পাইপলাইন নির্মাণ কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে যা গত ০৩/০৯/২০২০ কমিশনিং করা হয়েছে। এছাড়াও বর্ণিত



রূপসা ৮০০ মে.ও. আরএমএস

পাইপলাইনের মাধ্যমে নির্মিতব্য খুলনা ৩৩০ মেঃ ওঃ সিসিপিপি-তে গ্যাস সরবরাহের জন্য একটি অফটেকের সংস্থান রাখা হয়েছে। বর্তমানে এসজিসিএল-এর কারিগরি সহায়তা ও তত্ত্বাবধানে আরএমএস, কন্ট্রোল বিল্ডিং এবং অন্যান্য পূর্ত অবকাঠামো নির্মাণ কাজ চলমান রয়েছে। ডিসেম্বর ২০২৪ এর মধ্যে আরএমএস নির্মাণ শেষ হবে মর্মে আশা করা যাচ্ছে। রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের জন্য মোট ১৪০ এমএমসিএফডি গ্যাস সরবরাহের প্রয়োজন হবে। উল্লেখ্য যে, বর্ণিত বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের লক্ষ্যে গত ২৮/০৩/২০২৪ তারিখে এসজিসিএল ও এনডব্লিউপিজিসিএল-এর মধ্যে Gas Supply Agreement (GSA) স্বাক্ষর করা হয়। স্বাক্ষরিত চুক্তি মোতাবেক গ্যাস কমিশনিং পূর্বক বর্ণিত বিদ্যুৎ কেন্দ্রের COD নির্ধারণ করা হবে।

## ভোলা জেলায় আবুল উলাইয়া টেক্সটাইলস মিলস লিমিটেড নামীয় শিল্প প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহ

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর পরিচালনা পর্ষদের ১৩৮তম সভার অনুমোদনক্রমে আবুল উলাইয়া টেক্সটাইল মিলস লিমিটেড-এ গ্যাস সরবরাহের জন্য গ্রাহকের অর্থায়নে এসজিসিএল-এর আওতাধীন ভেঞ্চার ডিআরএস মডিফিকেশন এবং তথা হতে গ্রাহক আঙ্গিনা পর্যন্ত ১০ ইঞ্চি ব্যাস × ১৪০ পিএসআইজি × ২.৬ কিঃ মিঃ গ্যাস পাইপলাইন নির্মাণের লক্ষ্যে ১.৪ শ্রেণির ঠিকাদারী প্রতিষ্ঠান রয়েল ইউটিলাইজেশন সার্ভিসেস (প্রাঃ) লিঃ-কে নিয়োগ প্রদান করা হয়েছে। বর্তমানে ডিআরএস মডিফিকেশনসহ পাইপলাইন নির্মাণ কাজের জন্য বিভিন্ন দপ্তর হতে অনুমতি গ্রহণ প্রক্রিয়াধীন রয়েছে, যা প্রাপ্তি সাপেক্ষে বর্ণিত গ্যাস অবকাঠামো নির্মাণ করে গ্রাহকের চাহিদা অনুযায়ী গ্যাস সরবরাহ করা সম্ভব হবে।

## খুলনা বিসিক শিল্পনগরী'তে স্থাপিত শিল্প প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহকল্পে খুলনা জেলায় গ্যাস বিতরণ অবকাঠামো নির্মাণ

পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে খুলনা জেলার বিদ্যমান বিসিক শিল্প নগরীতে অবস্থিত শিল্প প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহের লক্ষ্যে এসজিসিএল-এর অর্থায়নে জিটিসিএল-এর সিজিএস হতে বিসিক গেট পর্যন্ত ১০" ব্যাস × ৩০০ পিএসআইজি চাপ × ৬.৪ কিঃ মিঃ মুখ্য গ্যাস বিতরণ পাইপলাইন ও ১০" ব্যাস × ১৪০ পিএসআইজি চাপ × ১.৭ কিঃ মিঃ বিতরণ পাইপলাইন নির্মাণ কাজের জন্য আহ্বানকৃত দরপত্র অনুযায়ী মূল্যায়িত সর্বনিম্ন দরদাতা ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহের সাথে গত ০৬/০৬/২০২৪ ও ২৮/০৫/২০২৪ ইং তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। সে মোতাবেক এসজিসিএল-এর প্রস্তাবিত তেলিগাতি ভাল্ব পিট হতে প্রস্তাবিত যোগীপোল ডিআরএস পর্যন্ত ১০" ব্যাস × ৩০০